**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**11 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার উপস্থিতিতে আজ সরুসজাইতে আনুষ্ঠানিভাবে বিকাশের ১২ দিন শীর্ষক উন্নয়ন কার্যসীচির শুভারম্ভ ।

২) ২০২৪ সালের জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রদান । মাজুলীর জেংরাই গ্রাম পঞ্চায়েত শিশুদের জন্য অনুকূল পঞ্চায়েত শাখায় দেশের মধ্যে প্রথমস্থান ।

৩) সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষা সহ সব পরীক্ষা সম্পূর্ণ দায়বদ্ধতা এবং স্বচ্ছভাবে সম্পন্ন করতে হবে বলে গৌহাটি হাইকোর্টের আসাম লোকসেবা আয়োগকে সতর্কীকরণ ।

এবং

৪) লোকসভায় আজ রেলওয়ে সংশোধনী বিল-২০২৪ মৌখিক ভোটে গৃহিত ।

---

আসাম সরকারের উদ্যোগে আজ শিক্ষা, রাজস্ব, শিল্প এবং অর্থ বিভাগের মাধ্যমে রাজ্যের সব জেলায় বিকাশের ১২ দিন শীর্ষক উন্নয়ন কার্যসূচির সূচনা করা হয় । আজ গৌহাটির সরোসজাই ক্রীড়া প্রকল্পে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী রণোজ পেগু এই কার্যসূচির সূচনা করেন ।

এই কার্যসূচির অংশ হিসেবে রাজ্য সরকারের প্রজ্ঞান ভারতী প্রকল্পের অধীনে আজ থেকে ২৬ হাজার ৯শো ৬৯ জন ছাত্র-ছাত্রীকে আনন্দরাম বরুয়া পুরষ্কার প্রদান কার্যসূচিও আরম্ভ হয়েছে । অনুরূপভাবে ডক্টর বাণীকান্ত কাকতি পুরষ্কার প্রদান প্রকল্পের অধীনে দ্বাদশ শ্রেণীর পরীক্ষায় কৃতিত্ব অর্জন করা ছাত্রীদের স্কুটি বিতরণ কার্যসূচিরও সূচনা করা হয়েছে । মুখ্যমন্ত্রীর আজকের এই পুরষ্কার প্রদান অনুষ্ঠানের পর পর্যায়ক্রমে রাজ্যের সব জেলায় এই পুরষ্কার প্রদান কার্যসূচি আরম্ভ করা হবে । এ বছর মোট ৪৮ হাজার ৬শো ৭৩ জন ছাত্র-ছাত্রীকে এই পুরষ্কার প্রদান করা হবে ।

অনুষ্ঠানে ভাষণ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে একটি রাজ্যের উন্নতি তখনই হয় , যখন রাজ্যের নব প্রজন্ম নিজেদের দায়বদ্ধতা এবং দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে শিক্ষা গ্রহণ করে । তিনি বলেন যে স্বাধীনতার পর কল্পনাতীতভাবে ভালো বাইরে একটি নতুন আসামের ভিত নির্মান করা হচ্ছে । আজকের এই অনুষ্ঠানের মাধ্যমে রাজ্য সরকার রাজস্ব এবং দুর্যোগ ব্যবস্থাপনার অধীনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সহায়তা প্রদান করে । একই সঙ্গে কৃষি, মৎস, পশুপালন এবং পশু চিকিৎসা ক্ষেত্রেও ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সহায়তা প্রদান করা হয় । অন্যদিকে রাজ্যের মাইক্র ফিনান্স ঋণের ক্ষেত্রেও No Dues Certificate প্রদান করা হয় ।

---

শ্রীভূমি জেলায় রাজ্যসরকারের পক্ষ থেকে ছাত্রছাত্রীদের জন্য বরাদ্দ বাইসাইকেল, স্কুটি এবং আনন্দরাম বড়ুয়া পুরস্কার আগামী শুক্রবার প্রদান করা হবে । ঐদিন বেলা বারোটায় শ্রীভূমি শহরের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে ছাত্রছাত্রীদের মধ্যে এই পুরস্কার প্রদান কার্যসূচীর আনুষ্ঠানিক সূচনা করা হবে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের পশুপালন, পশুচিকিৎসা, মৎস্য ও পূর্ত (পি এম জি এস ওয়াই) বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

এদিকে আগামী ১৬ই ডিসেম্বর-সোমবার বেলা বারোটায় একইস্থানে জেলার মিউচুয়্যাল ফান্ড ইনসেন্টিভ, রিলিফ ডিবিটি ও সিড ক্যাপিটেলের সুবিধা প্রদান কার্যসূচীর আনুষ্ঠানি সূচনা করা হবে । এতে রাজ্যের খাদ্য, গণবন্টন ও গ্রাহক পরিক্রমা, খনি ও খনিজ দ্রব্য এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে এই অনুষ্ঠানের সূচনা করবেন । উভয় অনুষ্ঠানে শ্রীভূমি জেলার সংশ্লিষ্ট বিভাগগুলির প্রধান, সব খন্ড উন্নয়ন আধিকারিক, চক্র আধিকারিক, পৌরসভার কার্যবাহী আধিকারিকদের উপস্থিত থাকতে শ্রীভূমি

জেলাপ্রশাসনের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে । উল্লেখ্য- এবছর এই জেলায় বারো হাজার ১২৬জনকে বাই-সাইকেল, এক হাজার ৯৩০জনকে স্কুটি, ৮৪৮ জনকে আনন্দরাম বড়ুয়া পুরস্কার, তিন হাজার ৪২৫ জনকে মিউচুয়্যাল ফান্ড ইনসেন্টিভ, ২৩৬জনকে রিলিফ ডিবিটি এবং ১৭৩ জনকে সিড ক্যাপিটেল প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে কেন্দ্রীয় পঞ্চায়েতীরাজ মন্ত্রনালয় আয়োজিত এক অনুষ্ঠানে ২০২৪ সালের জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রদান করেন । অনুষ্ঠানে তৃণমূল পর্যায়ের প্রশাসন এবং সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে লাভ করা সাফল্যকে প্রতিফলিত করা বিভিন্ন শাখায় মোট ৪৫টি পঞ্চায়েতকে এই পুরষ্কার প্রদান করা হয় । মাজুলীর আপার মাজুলী উন্নয়ন খন্ডের অধীন জেংরাই গ্রাম পঞ্চায়েত শিশুদের জন্য অনুকূল পঞ্চায়েত এই শাখায় সমগ্র দেশের মধ্যে প্রথম স্থান লাভ করেছে । উল্লেখ্য ত্রিপুরা এবং ওড়িশ্যা সর্বাধিক ৭টি করে পুরষ্কার লাভ করেছে ।

অনুরূপভাবে নগাও জেলার অধীন দেবাজীয়া ডিমু বাংথাই গ্রাম পঞ্চায়েত নানাজী দেশমুখ সর্বত্তোম পঞ্চায়েত বিকাশ পুরষ্কার লাভ করেছে ।

---------------------------------------------------------------------------------

উত্তর-পুর্ব সীমান্ত রেলওয়ের আলীপুর সংমন্ডলের আওতাধীন আসাম সীমান্তের পাশে পশ্চিমবঙ্গের জুরাই রেলস্টেশনে আজ বেশকয়েকটি কোচ-রাজবংশী সংগঠনের আহ্বান করা অনির্দিষ্টকালীন রেল অবরোধের পরিপ্রেক্ষিতে রাজধানী এক্সপ্রেস সহ বেশকয়েকটি ট্রেনের যাত্রাপথের পরিবর্তন করা হয়েছে । এই অবরোধের জন্য আজ গুয়াহাটি এবং নিউ জলপাইগুড়ির মধ্যে চলাচল করা এক্সপ্রেস ট্রেনগুলির যাত্রা বাতিল করা হয়েছে । উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে সূত্রে জানানো হয়েছে যে- আজ সকাল প্রায় পৌনে সাতটায় জুরাই রেলস্টেশনে কয়েক হাজার লোক সমবেত হয়ে রেলপথে অবস্থান ধর্মঘট কার্যসূচীর আয়োজন করে । এবং এর ফলে সেই রেলপথ দিয়ে ট্রেন চলাচল বন্ধ হয়ে পড়ে । উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে ফকিরাগ্রাম-গোলকগঞ্জ-নিউ কোচবিহার বিকল্প রেলপথে শিলচর-কোয়েম্বাটোর এক্সপ্রেস, আপ ব্রহ্মপুত্র মেল, আপ কামরূপ এক্সপ্রেস, ২০৫৪৩ ডাউন রাজধানী এক্সপ্রেস, ১২৪২৩ ডাউন রাজধানী এক্সপ্রেস, বিবেক এক্সপ্রেস, ক্যাপিটেল এক্সপ্রেস, ডিব্রুগড়-দেওঘর এক্সপ্রেস ট্রেনগুলি চলাচল করানো হয় । উত্তর-পূর্ব সীমান্ত রেল কর্তৃপক্ষ জুরাই রেলস্টেশনের সুরক্ষার জন্যে সবধরণের ব্যবস্থা গ্রহণ করেছে বলে এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্ট ভবিষ্যতে সংযুক্ত প্রতিযোগিতা মূলক পরীক্ষা সহ সবধরণের পরীক্ষা সম্পূর্ণ দায়বদ্ধতার সঙ্গে এবং স্বচ্ছভাবে সম্পন্ন করতে আসাম লোকসেবা আয়োগকে সতর্ক করে দিয়েছে। আদালত আজ আসাম লোকসেবা আয়োগের ২০১৮ সালের পরীক্ষার অসঙ্গতি সংক্রান্ত একটি মামলার রায়দান করে এভাবে সতর্ক করে দিয়েছে । হাইকোর্ট বলেছে যে- আসাম লোকসেবা আয়োগকে পরীক্ষার আন্সার কী এবং ফলাফল সম্পূর্ণ স্পষ্টভাবে ঘোষণা করতে হবে যাতে কোনো প্রার্থীর মধ্যে সন্দেহের অবকাশ না থাকে । এই রায়দানের সময়ে ২০১৮ সালের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার ছ'জন প্রার্থীর ফলাফল ঘোষণা করে রাজ্যসরকারের কাছে পাঠাতে আদালত আয়োগকে নির্দেশ দিয়েছে।

---

বাংলাদেশে গত ৫ আগষ্ট থেকে ২২ অক্টোবরের মধ্যে ধর্মীয় সংখ্যালঘুদের বিরুদ্ধে সংঘটিত হিংসাত্মক ঘটনা সম্পর্কে ৮৮টি মামলা নথিভুক্ত করা হয়েছে এবং এ সম্পর্কে ৭০ জনকে আটক করা হয়েছে । বাংলাদেশের মুখ্য উপদেষ্টা মহম্মদ ইউনুসের প্রেস সচিব সফিকুল আলম গতকাল ঢাকায় এই তথ্য জানিয়েছেন । ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রীর ঢাকা সফরের পরই বাংলাদেশ সরকার এই তথ্য প্রকাশ করেছে । শ্রী আলম জানিয়েছেন যে সুনামগঞ্জ, নরসিংদি, চট্টগ্রাম এবং ঢাকায় সংঘটিত সংখ্যালঘু নির্যাতনের ঘটনা সম্পর্কে এই ৭০ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে । এছাড়াও বাংলাদেশের নিরাপত্তা বাহিনী কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে এবং আরো কয়েকজনকে ইতিমধ্যেই গ্রেপ্তার করে জিজ্ঞাসাবাদ করছে । তিনি আরো বলেন যে হিংসাত্মক কার্যকলাপ এবং জঘন্য অপরাধে যুক্ত সবাইকে আইনের গন্ডির মধ্যে নিয়ে আসা হবে এবং এ ক্ষেত্রে কোন ধরণের রাজনৈতিক হস্তক্ষেপ বরদাস্ত করা হবে না ।

---

লোকসভায় আজ রেলওয়ে সংশোধনী বিল-২০২৪ মৌখিক ভোটে গৃহিত হয়েছে । ১৯শো ৮৯ সালের কয়েকটি ধারার সংশোধন করে রেল পর্ষদকে আরো বেশী দায়বদ্ধ এবং গতিশীল করে তুলতেই এই বিল সংসদে উত্থাপন করা হয়েছিল । বিলটি সংসদে গৃহিত হওয়ার পর কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন যে এই সংশোধনীর মাধ্যমে রেল সম্পর্কীত আগের যেসব আইনী পরিকাঠামো রয়েছে তা আরো সহজ এবং সরল করা হয়েছে । প্রসঙ্গত তিনি বলেন যে গত ১০ বছরে সমগ্র দেশের রেল পরিকাঠামোর ব্যাপক পরিবর্তন হয়েছে এবং এর সামগ্রিক পরিবর্তনে কেন্দ্রীয় সরকার পর্যায়ক্রমে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে । তিনি বলেন যে রেলের শৌচালয় ব্যবস্থার

উন্নয়নে সরকার গত ১০ বছরে ৩ লক্ষ ১০ হাজারের অধিক শৌচালয় নির্মান করেছে ফলে বর্তমানে রেলের শৌচালয় ব্যবস্থা যথেষ্ট উন্নত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

আলগাপুর উন্নয়ন খন্ডের গাঁও পঞ্চায়েত কো-অর্ডিনেট (জিপিসি) শুভ্রজিৎ দে চৌধুরী গতরাত্রে এক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন । ছ'নম্বর জাতীয় সড়কের ধলেশ্বর বাইপাস সেতুর পাশে এই দুর্ঘটনাটি সংঘটিত হয় । আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন যে- অবৈধভাবে পার্কিং করে রাখা একটি টিপারের সঙ্গে ধাক্কা লেগে দুর্ঘটনাটি সংঘটিত হয়েছে । নিহত ব্যক্তি আলগাপুর ব্লক থেকে নিজের বাড়ি কালীনগরের উদ্দেশ্যে যাচ্ছিলেন । স্থানীয় লোকজন দ্রুত তাকে হাসপাতালে নিয়ে গেলেও গতকাল গভীর রাতে শিলচর মেডিকেল কলেজে তার মৃত্যু হয় । এদিকে এই দুর্ঘটনার পর ঐ এলাকার লোকজন ক্ষোভ প্রকাশ করে বলেছেন যে- বাইপাসের সেতুর পাশের স্থানকে লরি ও টিপার চালকরা দীর্ঘদিন ধরে অবৈধ কার্যকলাপের কেন্দ্রস্থলে পরিণত করেছে । আমাদের সংবাদদাতা আরো জানিয়েছেন যে- প্রতিদিন ঐ এলাকায় লরি ও টিপারের অবৈধ পার্কিং করা হয় ।

এদিকে আলগাপুর ব্লকের এই কর্মীর মৃত্যুতে আজ আলগাপুর ব্লকে এক শোকসভা অনুষ্ঠিত হয় ।

---------------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে- সোনাই বিধানসভা কেন্দ্রের খেল মহারণ প্রতিযোগীতা আগামী ১৩ থেকে ১৯শে ডিসেম্বর সোনাইতে অনুষ্ঠিত হবে । তবে শিলচর বিধানসভা কেন্দ্রের খেল মহারণ প্রতিযোগীতা যা আগামীকাল থেকে আগামী ১৫ই ডিসেম্বর পর্যন্ত হওয়ার কথা ছিল , তা স্থগিত রাখা হয়েছে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচর বিধানসভা স্তরের কমিটির সভাপতির কাছ থেকে এই সংক্রান্ত যাবতীয় বিষয় চূড়ান্ত হওয়ার পরই প্রতিযোগিতার পরবর্তী তারিখ জানানো হবে । এই বিষয়ে বিস্তারিত বিবরণের জন্য--- সোনাই বিধানসভা কেন্দ্রের জন্য ৭০০২৩৭০১০৪ নম্বরে এবং শিলচর বিধানসভা কেন্দ্রের জন্য ৯৫৭৭৩০১৫৬৬ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগে আজ হাফলং-এ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলা সড়ক নিরাপত্তা সমিতির এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত সীমান্ত কুমার দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় সড়ক দূর্ঘটনা প্রতিরোধে সড়ক নিরাপত্তার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । আজকের সভায় জেলার

অতিরিক্ত আয়ুক্ত , পুলিশ সুপার , সহকারী আয়ুক্ত , পরিবহন বিভাগের আধিকারীক প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে আজ কাটলিছড়া লতাকান্দির এস কে রায় প্রবীণ নাগরিক আবাসের আবাসিকদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে । আজ প্রায় ২০ জন আবাসিকের মধ্যে শীতবস্ত্র বিতরন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় ক্লাবের সভাপতি নুরুল মজুমদার , নচিকেতা নাথ, শিক্ষিকা আছিয়া মজুমদার প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য প্রয়াত সমাজসেবী মণির উদ্দিন মজুমদার ও আলেখা মজুমদারের স্মরনে আজ ঐ আবাসের বাসিন্দাদের মধ্যে শীত বস্ত্র বিতরন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------